গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জলঢাকা, নীলফামারী।
www.jaldhaka.nilphamari.gov.bd

## "বাংলা ১৪৩১ সনের জন্য সরকারি হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২১ সেপ্টেম্বর'২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত সরকারি হাট-বাজার ইজারা পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কিত নীতিমালার আলোকে জলঢাকা উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে অবস্থিত নিম্নবর্ণিত হাট-বাজারগুলো বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল এবং শর্তসমূহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত ( ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (সকাল-০৯.০০ টা হতে বিকাল-০৪.০০ টা পর্যন্ত) জেলা প্রশাসক, নীলফামারী মহোদয়ের কার্যালয়/উপজেলা ভূমি অফিস, জলঢাকা/পুলিশ স্টেশন, জলঢাকা/সোনালী ব্যাংক, জলঢাকা শাখাসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে ( সিডিউল মূল্য, যা অফেরতযোগ্য) সংগ্রহ করা যাবে এবং নির্ধারিত তারিখে সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত উল্লেখিত কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। একই দিন দুপুর ২.০০ ঘটিকায় দরপত্র দরদাতাদের উপস্থিতিতে ( যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা ও বাছাই করা হবে।

১ম পর্যায়ে হাট-বাজারগুলি ইজারার জন্য গৃহীত কোন দরপত্র অনুমোদিত না হলে ২য় পর্যায়ে ১২/০৩/২০২৪ এবং ৩য় পর্যায়ে ২৮/০৩/২০২৪ তারিখে দরপত্র গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, প্রতি পর্যায়ে দরপত্র গ্রহনের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দরপত্র বিক্রয় করা হবে। যে হাট-বাজারের দর যে পর্যায়ে অনুমোদিত হবে, উক্ত হাট ইজারার পরবর্তী ধাপগুলি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

| ক্রমিক | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | বাংলা ১৪৩১ সনের সরকারি মূল্য | দরপত্রের মূল্য |
|---|---|---|---|---|
| ০১. | মীরগঞ্জ হাট-বাজার | মীরগঞ্জ | ২,৪২,৩৮,৬৬৭/- | ৪৯,২০০/- |
| ০২. | পাঠানপাড়া হাট-বাজার | -ঐ- | ৬৮,৮৬৫/- | ৫০০/- |
| ০৩. | নেকবক্ত হাট-বাজার | ডাউয়াবাড়ী | ১,১৩,৭০৩/- | ১,০০০/- |
| ০৪. | গোলমুন্ডা হাট-বাজার | গোলমুন্ডা | ৪,২২,৭৯৯/- | ১,৬০০/- |
| ০৫. | ভাবনচুর হাট-বাজার | -ঐ- | ৩৫,৬২০/- | ৫০০/- |
| ০৬. | হলদিবাড়ী নালারপাড় হাট-বাজার | -ঐ- | ২,১২০/- | ৫০০/- |
| ০৭. | হলদিবাড়ী জয়বাংলা হাট-বাজার | -ঐ- | ১,৫৯০/- | ৫০০/- |
| ০৮. | বালাগ্রাম হাট-বাজার | বালাগ্রাম | ২,২০৮/- | ৫০০/- |
| ০৯. | নীলসাগর হাট-বাজার | -ঐ- | ১৯৪/- | ৫০০/- |
| ১০. | সাইডনালা হাট-বাজার | -ঐ- | ১৮,০২০/- | ৫০০/- |
| ১১. | নবাবগঞ্জ হাট-বাজার | গোলনা | ১১,৮০,২০৪/- | ৩,০০০/- |
| ১২. | শহীদ স্মৃতি বঙ্গবন্ধু হাট-বাজার | -ঐ- | ৩,৫৪,২৩৫/- | ১,৪০০/- |
| ১৩. | খেরকাটী হাট-বাজার | ধর্মপাল | ৪,৫৪,৭৪২/- | ১,৬০০/- |
| ১৪. | গড়ের হাট-বাজার | -ঐ- | ৪,৩৩৪/- | ৫০০/- |
| ১৫. | ডাকালীগঞ্জ হাট-বাজার | শৌলমারী | ১,৬৬,৯৫০/- | ১,০০০/- |
| ১৬. | আনছার হাট-বাজার | -ঐ- | ৩,১৪,১৪৯/- | ১,৪০০/- |
| ১৭. | শিবুর হাট-বাজার | -ঐ- | ২,৫৩৫/- | ৫০০/- |
| ১৮. | আদর্শ হাট-বাজার | -ঐ- | ৫৪,৭১৪/- | ৫০০/- |
| ১৯. | বেরুবন্দ হাট-বাজার | শিমুলবাড়ী | ৪,৪৩,৪৩৩/- | ১,৬০০/- |
| ২০. | ডিয়াবাড়ী হাট-বাজার | -ঐ- | ১০,৩৩৫/- | ৫০০/- |
| ২১. | বালারপুকুর চৌধুরীর হাট-বাজার | -ঐ- | ২,৯৭,৫০৭/- | ১,২০০/- |
| ২২. | ঘুঘুমারী হাট-বাজার | -ঐ- | ৯,৫৮৪/- | ৫০০/- |
| ২৩. | টেংগনমারী হাট-বাজার | খুটামারা | ৯৬,১২,৪৩৪/- | ২০,০০০/- |
| ২৪. | হরিশচন্দ্রপাঠ হাট-বাজার | -ঐ- | ১১,৬২৫/- | ৫০০/- |
| ২৫. | খুটামারা রহমানিয়া হাট-বাজার | -ঐ- | ৩৯,৬৭৯/- | ৫০০/- |
| ২৬. | দঃ দেশীবাই চৌধুরী হাট-বাজার | কাঠালী | ৪৪,৯০৯/- | ৫০০/- |
| ২৭. | বিন্যাবাড়ী হাট-বাজার | -ঐ- | ৫৩,৮৮৩/- | ৫০০/- |
| ২৮. | কৈমারী হাট-বাজার | কৈমারী | ১,০৩,৯১,৩৯৪/- | ২১,৪০০/- |
| ২৯. | বড়ঘাট হাট-বাজার | -ঐ- | ৬,৭৩,৮০৭/- | ২,০০০/- |
| ৩০. | রথের হাট-বাজার | -ঐ- | ১,০৭,২৭২/- | ১,০০০/- |

দরপত্র দাখিলের তারিখ:

| ১ম দরপত্র দাখিলের তারিখ | ১ম দরপত্র গৃহীত না হলে ২য় দরপত্র দাখিলের তারিখ | ২য় দরপত্র গৃহীত না হলে ৩য় বা শেষ দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|
| ২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ | ১২ মার্চ ২০২৪ খ্রিঃ | ২৮ মার্চ ২০২৪ খ্রিঃ |

### বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারার শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪৩১ সনের ১ লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।

চলমান পাতা-০২

০২। দরদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০%(শতকরা ত্রিশভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত ভাবে হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গ্রহণ সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ভ্যাট ১৫% এবং আয়কর ১০% অবশ্যই একইসংগে পরিশোধ করতে হবে, অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুণরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক (অন্য) হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারার চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ের হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যেকোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

জি, আর, সারোয়ার
উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা,নীলফামারী।
ফোন: ০২৫৮৯৯৫৯৮০৪
unojaldhaka@mopa.gov.bd

স্মারক নম্বর -০৫.৪৭.৭৩৩৬.০০০.০৫.০০২.২৪-১১৩

তারিখ ঃ ০১ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। জেলা প্রশাসক, নীলফামারী।

০২। পুলিশ সুপার, নীলফামারী

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জলঢাকা, নীলফামারী।

০৪। মেয়র, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।

০৫। সহকারী কমিশনার (ভূমি), জলঢাকা, নীলফামারী।

০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জলঢাকা থানা, জলঢাকা, নীলফামারী।

০৭। সাব-রেজিস্ট্রার, জলঢাকা, নীলফামারী।

০৮। চেয়ারম্যান,................. ইউপি (সকল), জলঢাকা, নীলফামারী।

০৯। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, জলঢাকা শাখা, জলঢাকা, নীলফামারী।

১০। পৌর/ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,............... পৌর/ইউনিয়ন ভূমি অফিস, জলঢাকা, নীলফামারী। তাঁকে বিজ্ঞপ্তিটি জন সমাগম স্থানে লটকানো এবং সংশ্লিষ্ট হাট-বাজারে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

১১। হিসাব সহকারী, অত্রাফিস। তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট হাট-বাজারে জারী/ঢোল সহরত/ মাইক যোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২। ইজারাদার,...................... হাট-বাজার (সকল), জলঢাকা, নীলফামারী।

১৩। নোটিশ বোর্ড/অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা, নীলফামারী।

CamScanner